



অতীব জরুরী

নং-৫৪

তারিখঃ ০৮/০৬/২০২১খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল এর বিভিন্ন লেভেল/টার্মের সকল ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের জন্য গত ১৭/০৩/২০২০ ইং তারিখ হতে অত্র কলেজ বন্ধ আছে এবং সকল একাডেমিক কার্যক্রম (অনলাইন ক্লাস এবং আভ্যন্তরীণ পরীক্ষা/এসাইমেন্ট) সরকারি সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে অনুষ্ঠিত হচ্ছে। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নিজ নিজ বাসায় অবস্থান করে এ সকল একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য সকল ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেওয়া হলেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কিছু কিছু ছাত্র/ছাত্রী কলেজের আশপাশ এবং কালিহাতী-সহ বিভিন্ন এলাকায় মেস/বাসা ভাড়া নিয়ে অবস্থান করছে যা তাদের চরম স্বাস্থ্য ঝুঁকিতে ফেলে দিচ্ছে। বর্তমানে দেশের কিছু করোনা রোগীদের মাঝে কোভিড-১৯ এর ভারতীয় ভ্যারিয়েন্ট পাওয়া যাচ্ছে যা নিয়ে বাংলাদেশ সরকার খুবই উদ্বিগ্ন। এছাড়া কলেজের পাশ্চাত্য এলাকায় ভারত ফেরত প্রবাসী থাকায় তাহার আশেপাশে এলাকা চরম স্বাস্থ্য ঝুঁকিতে আছে এবং অত্র কলেজের কতিপয় ছাত্র/ছাত্রী মেস/বাসা ভাড়া নিয়ে অনেকে একত্রে থাকছে বলেও উপজেলা প্রশাসন উদ্বেগ প্রকাশ করেছে। এমতাবস্থায়, কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত এলাকায় সাধারণ ছাত্র/ছাত্রীদের অবস্থানকে ঝুঁকিপূর্ণ বলে মনে করছে এবং যেহেতু বর্তমানে কলেজে স্ব-শরীরে ছাত্র/ছাত্রীদের উপস্থিতির কোন প্রয়োজন নেই, তাই ছাত্র/ছাত্রী স্বাস্থ্য নিরাপত্তার কথা বিবেচনা করে যে সকল ছাত্র/ছাত্রী বর্তমানে কলেজের আশেপাশে বিভিন্ন মেস/বাসা ভাড়া নিয়ে অবস্থান করছে তাদেরকে অতিসত্তর নিজ নিজ বাসা/বাড়িতে অবস্থান করে অন লাইনে চলমান একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য নির্দেশ দিচ্ছে। উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশে কোভিড-১৯ এর ভয়াল সংক্রমণ শুরু হওয়ার প্রথম থেকেই শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছেন। তাই সংশ্লিষ্ট অভিভাবকগণকে বিষয়টি অতি গুরুত্বের সাথে বিবেচনা করে নিজ নিজ সন্তানের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪১
০৪.০৬.২১
(ইঞ্জি. মোঃ বখতিয়ার হোসেন)

অধ্যক্ষ

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
কালিহাতী, টাংগাইল।
btec.gov.bd@gmail.com